

## ৩৬. আকাঙ্ক্ষা

প্রিয়া আমি ঝরা পাতা হয়ে বাঁচতে চাই না

আমি জীবন্ত পল্লব হতে চাই;

পাতা কুড়ানীরা আমায় জ্বলন্ত আগুনে

ভূস্মিভূত করুক তা আমি চাই না।

আমি আর সকল মানুষের মতো স্বাভাবিক ভাবে

সুখ-দুঃখ নিয়ে বাঁচতে চাই;

আকাঙ্ক্ষার স্বর্ণ চূড়ায় তীব্রতর।

শরৎবাবুর দেবদাসের মতো পারুর বাড়ির

বটগাছের বেদীতে মরতে চাই না;

ফাগুনী মুখপাখ্যায় এর ‘শাপ মোছন’ উপন্যাসের

মাধুরীর-মহিন্দার মতো মরতে চাই না।

তুমি পল্লবী হলে আমি পল্লব হয়ে বাঁচতে চাই

লোক-লোকান্তর প্রেম আকাঙ্ক্ষার অন্তরলোকে।